

Office of the Chancellor

52 Chambers Street
New York, NY 10007

212 374 0200 Tel
212 374 5588 Fax

প্রিয় পিতামাতা,

এপ্রিলে শিক্ষার্থীরা যে নিউ ইয়র্ক স্টেট ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস এবং ম্যাথ পরীক্ষা দেবে তার বিভিন্ন উন্নতির দিক সম্পর্কে অবহিত করতে আমি আপনাকে আজ এই চিঠি দিচ্ছি।

এ বছর, পরীক্ষাগুলি সম্পর্কে পিতামাতা এবং শিক্ষকদের কাছ থেকে প্রাপ্ত গত বছরের কিছু প্রকৃত উদ্বেগের কারণে স্টেটও কিছুটা পরিবর্তন এনেছে। এই বছরের পরীক্ষায় কিছু কম প্রশ্ন থাকবে এবং তারা যাতে ফলপ্রসূভাবে কাজ করতে পারে সেজন্যে শিক্ষার্থীদের কোন সময় সীমা বেঁধে দেয়া হবে না - যা শিক্ষার্থী এবং পিতামাতাদের মানসিক চাপ হ্রাস করবে। বিশেষ সুবিধা আবশ্যিক যাদের তাদেরসহ শিক্ষার্থীরা বিষয় সম্পর্কে নিজেদের জ্ঞানের প্রমাণ দেওয়ার জন্য নিজস্ব গতিতে কাজ করতে পারবে।

এছাড়া, সিটি এবং নিউ ইয়র্ক স্টেটব্যাপী শিক্ষকদের এই বছর এবং ভবিষ্যৎ বছরগুলোতে টেস্ট প্রস্তুতিতে মতামত প্রদানের আরও বেশি সুযোগ থাকবে। তাদের মতামত নিশ্চিত করবে যে পরীক্ষাগুলো শিক্ষার্থীরা প্রতিদিন ক্লাসে যা শিখছে তা-ই পরিমাপ করছে। এবং, এতে স্টেট টেস্ট শেষে, শিক্ষকগণ পরীক্ষার প্রশ্ন এবং ফল আগে জানার সুযোগ পাবেন যাতে তারা পরবর্তী স্কুল বছরের জন্য আরও ভালো পরিকল্পনা করার সময় পান।

এছাড়াও, আমি আপনার সাথে এই টেস্টগুলির গুরুত্ব শেয়ার করতে চাই। এগুলি শিক্ষক এবং স্কুল - উভয়ের জন্য অবিখ্যাস্যভাবে গুরুত্বপূর্ণ যারা শিক্ষাদানের উন্নতিতে পরীক্ষার ফল ব্যবহার করেন এবং আমাদের সকল শিক্ষার্থীকে আলাদা আলাদাভাবে সহায়তা দেন। আমাদের শিক্ষার্থীদের জন্য এগুলি মূল্যবান অভিজ্ঞতা, যাতে তারা চ্যালেঞ্জ নেয়ায় সহায়তা পায় এবং প্রতিদিন তারা যে দক্ষতা অর্জন করছে তা ব্যবহার করতে পারে।

এটি মনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, যদিও স্টেট পরীক্ষাগুলি শিক্ষার্থীর অগ্রগতি যাচাইয়ে বহুবিধ মাপকাঠির একটি। একজন শিক্ষার্থীর প্রমোশন অথবা স্কুল ভর্তি একাধিক পরিমাপক, সার্বিক প্রক্রিয়ার মাধ্যমে করা হয়ে থাকে যা আমাদের আপনার সন্তানকে তার সফলতার জন্য কীভাবে সবচেয়ে ভালভাবে সহায়তা দেওয়া যায় সেবিষয়ে একটি সামগ্রিক প্রেক্ষাপট দেয়।

আমি এসব পরীক্ষার গুরুত্বের উপর জোর দিতে চাই। এগুলো শিক্ষক ও স্কুলগুলোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যারা পাঠদানের উন্নতিকল্পে এবং আমাদের সকল শিক্ষার্থীকে ব্যক্তিক সহায়তাদানে এসব ফল ব্যবহার করেন। আমাদের শিক্ষার্থীদের জন্য এগুলি মূল্যবান অভিজ্ঞতা, যা তাদের চ্যালেঞ্জ মোকাবেলা ও প্রতিদিনের অধিত দক্ষতা প্রয়োগ করতে শেখায়।

একজন মা এবং গ্র্যান্ডমা হিসেবে, আমি এই শিক্ষার্থী চাপ নিরসনে সাধুবাদ জানাই এবং স্টেট পরীক্ষাগুলি যে শিক্ষালাভে গুরুত্বপূর্ণ সেবিষয়টিও নিশ্চিত করছি। আপনার সন্তানকে এসব টেস্টে অংশগ্রহণে সহায়তা প্রদানের জন্য আমি আপনাকে অনুরোধ জানাই এবং স্টেট পরীক্ষার এসব পরিবর্তন সম্পর্কে আপনার যদি কোন আরো প্রশ্ন থাকে, আপনাকে সন্তানের স্কুলে যোগাযোগ করতে উৎসাহিত করছি।

বিশ্বস্ত,

কারমেন ফারেনিয়া